Australian Government
Department of Home Affairs

# Privacy notice

# গোপনীয়তা বিজ্ঞপ্তি

Form
1442i BEN
BENGALI

Department of Home Affairs (স্বরাষ্ট্র মন্ত্রণালয়) (বা বিভাগ) – এর মধ্যে রয়েছে Australian Border Force (অস্ট্রেলিয়ান সীমান্ত বাহিনী)।

*Privacy Act 1988 (গোপনীয়তা আইন ১৯৮৮)* (গোপনীয়তা আইন) অনুসারে, বিভাগ যখন কোনও ব্যক্তি সম্পর্কে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে তখন তাকে নির্দিষ্ট কিছু বিষয়ে অবহিত করতে হবে।

বিভাগটি তার Privacy Policy (গোপনীয়তা নীতি) প্রকাশ করেছে, যাতে গোপনীয়তা আইনে বর্ণিত Australian Privacy Principles (অস্ট্রেলিয়ান গোপনীয়তা নীতি) মেনে চলার পদ্ধতি সম্পর্কে তথ্য রয়েছে এবং বিশেষ করে, নিম্নলিখিত তথ্য সম্পর্কে:

- আমরা কীভাবে এবং কেন আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি
- আপনার সম্পর্কে ব্যক্তিগত তথ্য যা বিভাগের কাছে সংরক্ষিত তা আপনি কীভাবে পেতে পারেন
- আমাদের কাছে থাকা আপনার ব্যক্তিগত তথ্য আপনি কীভাবে পেতে পারেন
- Australian Privacy Principles লঙ্ঘনের বিষয়ে আপনি কীভাবে অভিযোগ করতে পারেন এবং বিভাগ কীভাবে এই ধরনের অভিযোগ মোকাবেলা করে।

গোপনীয়তা নীতিটি এখানে পাওয়া যাবে:
**https://www.homeaffairs.gov.au/access-and-accountability/our-commitments/privacy**

এছাড়াও, নির্দিষ্ট উদ্দেশ্যে আপনি হয়ত আমাদের বেশ কিছু ফর্ম পূরণ করেছেন, সেগুলোর মধ্যে আমাদের ব্যক্তিগত তথ্য সংগ্রহের পদ্ধতি এবং আপনার ব্যক্তিগত তথ্য আমরা কীভাবে ব্যবহার করি সে সম্পর্কে নির্দিষ্ট গোপনীয়তা-সংক্রান্ত নোটিশ অন্তর্ভুক্ত থাকে। এছাড়াও আপনি যখন কোনও পরিষেবা গ্রহন করেন বা বিভাগকে আপনার ব্যক্তিগত তথ্য সরবরাহ করেন তখন আপনাকে একটি নির্দিষ্ট তথ্য সংগ্রহের নোটিশ দেয়া হতে পারে।

এই Privacy Notice (গোপনীয়তা বিজ্ঞপ্তি) বিভাগের ব্যক্তিগত তথ্য সংগ্রহের ব্যাখ্যা দেয় এবং এটি সেই নির্দিষ্ট বিজ্ঞপ্তিগুলোর বিষয়বস্তুকে আরও জোরদার করে (যেখানে প্রযোজ্য)।

## বিভাগ - আমরা কে/আমরা কী করি

বিভাগটি নিম্নলিখিত এলাকা সমূহের জন্য দায়িত্বপ্রাপ্ত: অভিবাসন এবং মাইগ্রেশন (যার অন্তর্ভুক্ত হল নাগরিক নয় এমন লোকদের জন্য সীমান্ত সুরক্ষা, প্রবেশ, অবস্থান এবং প্রস্থান); শুল্ক এবং সীমান্ত নিয়ন্ত্রণ (কোয়ারেন্টাইন এবং পরিদর্শন ব্যতীত); নাগরিকত্ব; জাতিগত বিষয়; আইন প্রয়োগকারী সংস্থার নীতি ও কার্যক্রম; জাতীয় নিরাপত্তা নীতি ও কার্যক্রম; বহুসাংস্কৃতিক বিষয়; সুরক্ষামূলক নিরাপত্তা নীতি ও সমন্বয়; অস্ট্রেলিয়ায় কমনওয়েলথ প্রতিষ্ঠানসমূহ এবং কূটনৈতিক ও কনস্যুলার প্রাঙ্গণে সুরক্ষামূলক পরিষেবা; সামাজিক সংহতি;পরিবহন নিরাপত্তা; সাইবার নিরাপত্তা নীতি ও সমন্বয়; সাইবার অপরাধ; গুরুত্বপূর্ণ অবকাঠামো সুরক্ষা ও সমন্বয়; কমনওয়েলথ জরুরী ব্যবস্থাপনা; অভিবাসী এবং মানবিকতার ভিত্তিতে প্রবেশকারীদের বন্দোবস্তকরণ ; প্রাপ্তবয়স্ক অভিবাসী শিক্ষা; সকল প্রকার বিপদে ত্রাণের ব্যবস্থা, পুনরুদ্ধার এবং প্রশমন নীতি এবং আর্থিক সহায়তা।

## যোগাযোগের বিবরণ

সম্পূর্ণ যোগাযোগের বিবরণ বিভাগের ওয়েবসাইটে পাওয়া যাবে
**www.homeaffairs.gov.au**

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ বা ব্যবস্থাপনা সম্পর্কে আপনার কোনো অভিযোগ বা মতামত রয়েছে:

- অনলাইন ফিডব্যাক ফর্মটি পূরণ করুন **www.homeaffairs.gov.au/feedback** অথবা
- এখানে লিখুন: The Manager
  Global Feedback Unit
  GPO Box 241
  Melbourne VIC 3001
  Australia

## ব্যক্তিগত তথ্য সংগ্রহ

### ব্যক্তিগত তথ্য কি?

গোপনীয়তা আইনে বলা হয়েছে যে ব্যক্তিগত তথ্য হল  যুক্তিসঙ্গতভাবে সনাক্তযোগ্য কোনও ব্যক্তির সম্পর্কে তথ্য বা মতামত (যা সত্য বা কাগজপত্রে রেকর্ড করা হোক বা না হোক)।

এছাড়াও আমরা সংবেদনশীল তথ্য সংগ্রহ করি যা গোপনীয়তা আইনের অধীনে তথ্য বা মতামত হিসাবে সংজ্ঞায়িত ব্যক্তিগত তথ্যের একটি উপবিভাগ, যা কিনা ব্যক্তিগত তথ্য হিসাবেও গণ্য যেমন, কোনও ব্যক্তির জাতিগত পরিচয় বা জাতিগত উৎস, রাজনৈতিক মতামত, একটি রাজনৈতিক সংস্থার সদস্য, ধর্মীয় বিশ্বাস বা সংযুক্তি, দার্শনিক বিশ্বাস, পেশাদার বা ট্রেড অ্যাসোসিয়েশনের সদস্য, একটি ট্রেড ইউনিয়নের সদস্য, যৌন অভিমুখিতা বা যৌন আচরণ, এবং অপরাধমূলক রেকর্ড।  সংবেদনশীল তথ্যের মধ্যে আরও রয়েছে কোনও ব্যক্তির স্বাস্থ্য সম্পর্কিত তথ্য এবং জেনেটিক তথ্য এবং নির্দিষ্ট বায়োমেট্রিক তথ্য। বায়োমেট্রিক তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে আপনার মুখ, আঙুলের ছাপ, আইরিস, তালু, স্বাক্ষর বা গলার স্বরের একটি ইলেকট্রনিক অনুলিপি।

বিভাগে প্রযোজ্য আইনগুলো নির্দিষ্ট ধরণের তথ্যকে বিশেষভাবে সুরক্ষিত করে যা ব্যক্তিগত তথ্যও হতে পারে, যেমন ব্যক্তিগত সনাক্তকারী (*Migration Act 1958 (অভিবাসন আইন ১৯৫৮)* এবং *Australian Citizenship Act 2007 (অস্ট্রেলিয়ান নাগরিকত্ব আইন ২০০৭)*) এ বর্ণিত), এবং অভিবাসন এবং সীমান্ত সুরক্ষা তথ্য (*Australian Border Force Act 2015 (অস্ট্রেলিয়ান অস্ট্রেলিয়ান সীমান্ত বাহিনী আইন ২০১৫)*) এ বর্ণিত হয়েছে) এগুলোর মধ্যে অন্যতম।

ব্যক্তিগত সনাক্তকারী সম্পর্কিত আরও তথ্যের জন্য 1243i আপনার ব্যক্তিগত সনাক্তকারী ফর্ম দেখুন
**https://immi.homeaffairs.gov.au/form-listing/forms/1243i.pdf**

### আমরা কার কাছ থেকে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করব?

বেশিরভাগ ক্ষেত্রে, আমরা সরাসরি আপনার বা আপনার অনুমোদিত কারও কাছ থেকে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করব (উদাহরণস্বরূপ, কোনও এজেন্ট অথবা আপনার ডাক্তার)। আমরা আমাদের ImmiAccount এবং VEVO প্ল্যাটফর্মের মাধ্যমেও আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি।

কিছু কিছু ক্ষেত্রে, এটি একটি স্বয়ংক্রিয় প্রক্রিয়ার  মাধ্যমে আপনার কাছ থেকে সংগ্রহ করা যেতে পারে। উদাহরণস্বরূপ, বিভাগটি আন্তর্জাতিক বিমানবন্দরগুলোতে SmartGate সিস্টেম ব্যবহার করে যা আপনার ব্যক্তিগত তথ্য (যেমন মুখের চিত্র) আপনার কাছ থেকে সংগ্রহ করে।

বিভিন্ন অস্ট্রেলিয়ান আইন অথবা অভ্যন্তরীণ বা আন্তর্জাতিক চুক্তির অধীনে আমরা অস্ট্রেলিয়ান সরকার এবং রাজ্য বা টেরিটোরি সরকারী সংস্থা (বিশেষতঃ আইন প্রয়োগকারী সংস্থা) এবং বিদেশী সরকারগুলোর কাছ থেকে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি।

© COMMONWEALTH OF AUSTRALIA, 2026

আমরা অস্থায়ী দক্ষ ভিসা কর্মসূচির অখণ্ডতা আরও শক্তিশালী করার জন্য অস্ট্রেলিয়ান সরকারি কর কর্তৃপক্ষ (ATO) থেকে আপনার সিঙ্গেল টাচ পেরোল (STP) ডেটা সংগ্রহ করি।

আমাদের পক্ষ হয়ে চুক্তিবদ্ধ পরিষেবা সরবরাহকারীদের দ্বারা ব্যক্তিগত তথ্য সংগ্রহ এবং ব্যবহার করা হয়। উদাহরণস্বরূপ, অভিবাসন বন্দীদের জন্য সহায়তা পরিষেবা, চিকিৎসা পরিষেবা Adult Migrant English Program (প্রাপ্তবয়স্ক অভিবাসী ইংরেজি প্রকল্প) (AMEP) পরিচালনা ও Community Refugee Integration and Settlement Program (সম্প্রদায় শরণার্থী একীকরণ ও বসতি স্থাপন কর্মসূচি) (CRISP)-এর সাথে জড়িত সামাজিক সহায়তা গোষ্ঠীসমূহের কার্যক্রম। বিভাগটি চায় যে অস্ট্রেলিয়ায় বা বিদেশে অবস্থিত তাদের সমস্ত ঠিকাদাররা গোপনীয়তা আইন মেনে চলেন।

আমরা আপনার সম্পর্কে ব্যক্তিগত তথ্যও সংগ্রহ করতে পারি যা জনসাধারণের জন্য মুদ্রিত এবং ডিজিটাল মিডিয়াতে পাওয়া যায়।

আপনার সম্পর্কের অবস্থার পরিবর্তন অথবা গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতার (DFV) অভিযোগের কারণে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহারের পদ্ধতিতে পরিবর্তন আসতে পারে।

## আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ যা আইন দ্বারা প্রয়োজনীয় বা অনুমোদিত

ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং প্রকাশের সাথে সম্পর্কিত বিভাগের বিস্তৃত কার্যাবলী এবং ক্ষমতা রয়েছে, যার বেশিরভাগই নির্দিষ্ট কমনওয়েলথ আইনে বর্ণিত। এছাড়াও, বিভাগের ব্যক্তিগত তথ্য সংগ্রহ প্রক্রিয়া গোপনীয়তা আইন মেনে চলে।

নীচে আমরা সাধারণত যে আইনের অধীনে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি তার একটি রূপরেখা রয়েছে।

### *Migration Act 1958* (অভিবাসন আইন)

অভিবাসন আইনের অধীনে আমরা ব্যক্তিগত তথ্য সংগ্রহের জন্য অনুমোদিত, এবং কিছু পরিস্থিতিতে ব্যক্তিগত সনাক্তকারী উপকরণ (যেমন কোনও ব্যক্তির আঙুলের ছাপ বা হাতের ছাপ, ব্যক্তির মুখের ছবি বা স্বাক্ষর এগুলোর মধ্যে রয়েছে)। উদাহরণস্বরূপ, এগুলো সংগ্রহ করা যেতে পারে:

- ভিসা আবেদনের উদ্দেশ্যে
- অভিবাসন আইনের অধীনে অনুসন্ধান ও বাজেয়াপ্ত ক্ষমতা সম্পর্কিত, অথবা
- যখন কোনও ব্যক্তি অস্ট্রেলিয়ায় প্রবেশ করছে বা ছেড়ে যাচ্ছে (উদাহরণস্বরূপ, একটি পাসপোর্ট বা ভিসা বা পরিচয়ের প্রমাণ)।

### *Australian Citizenship Act 2007* (অস্ট্রেলিয়ান নাগরিকত্ব আইন)

নাগরিকত্ব আইনের অধীনে আমরা ব্যক্তিগত তথ্য (ব্যক্তিগত সনাক্তকারী সহ) সংগ্রহ করার জন্য অনুমোদিত, যাতে করে নিশ্চিত হওয়া যায় যে কোনও ব্যক্তি নাগরিকত্বের প্রয়োজনীয়তা পূরণ করে।

### *Immigration (Guardianship of Children) Act 1946 (অভিবাসন (শিশুদের অভিভাবকত্ব) আইন ১৯৪৬)* (IGOC Act)

IGOC আইন এবং এর বিধিমালা অনুসারে, মন্ত্রী মহোদয় কিছু সঙ্গীহীন অপ্রাপ্তবয়স্ক নাগরিক-নয় এমন শিশুদের অভিভাবক। এই শিশুরা ২১ বছর বা তার বেশি বয়সী পিতা-মাতা বা আত্মীয় ছাড়াই অস্ট্রেলিয়ায় আসে (এরা IGOC নাবালক নামে পরিচিত)। অভিভাবকত্বের দায়িত্ব পালনে সহায়তা করার জন্য, IGOC আইন মন্ত্রী মহোদয়কে অস্ট্রেলিয়ান সরকার বা রাজ্য/টেরিটোরি সরকারের কর্মকর্তাদের (যারা 'IGOC প্রতিনিধি' হিসাবে পরিচিত) কাছে তার অভিভাবকত্বের ক্ষমতা এবং কার্যাবলী হস্তান্তর করার অনুমতি দেয়। ইচ্ছুক এবং উপযুক্ত ব্যক্তি বা সংস্থাগুলো IGOC নাবালকদের 'রক্ষক' হিসাবেও নিযুক্ত হতে পারে। সাধারণভাবে, একজন রক্ষককে অবশ্যই তাদের হেফাজতে থাকা একটি শিশুর কল্যাণ এবং যত্নের ব্যবস্থা করতে হবে। IGOC আইনের অধীনে শিশুদের কল্যাণ এবং যত্ন নিশ্চিত করার জন্য, বিভাগ IGOC নাবালকদের এবং তাদের রক্ষকদের সম্পর্কে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে। যেখানে প্রয়োজন, এবং গোপনীয়তা আইন অনুসারে, বিভাগ শিশু কল্যাণ সংস্থা, IGOC প্রতিনিধি, রক্ষক, পিতামাতা, পরিচর্যাকারী, আত্মীয় স্বজন এবং অন্যান্য অস্ট্রেলিয়ান সরকারী সংস্থা সহ রাজ্য/টেরিটোরি কর্তৃপক্ষের কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে এবং তাদের কাছ থেকে তথ্য সংগ্রহ করতে পারে।

### *Customs Act 1901 (Customs Act)* and *Excise Act 1901 (শুল্ক আইন ১৯০১* (শুল্ক আইন) এবং *আবগারি আইন ১৯০১)* (আবগারি আইন)

বিভাগটি শুল্ক আইন এবং আবগারি আইনের অধীনে অস্ট্রেলিয়ার সীমান্ত রক্ষা এবং সীমান্ত রাজস্ব আদায় নিশ্চিত করার ক্ষেত্রে আমাদের ভূমিকার জন্য বিভিন্ন ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে। এর মধ্যে জাহাজ এবং বিমানের আগত যাত্রী এবং কর্মীদের সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত রয়েছে।

### *Maritime Powers Act 2013 (সামুদ্রিক ক্ষমতা আইন ২০১৩)* (সামুদ্রিক ক্ষমতা আইন)

সামুদ্রিক ক্ষমতা আইন আমাদের সামুদ্রিক শক্তি অনুশীলনে ব্যক্তিগত তথ্য সংগ্রহের ক্ষমতা দেয়। অবৈধ বিদেশী মাছ ধরা, কাস্টমস, সামুদ্রিক সন্ত্রাস, অভিবাসন, কোয়ারেন্টাইন এবং মাদক পাচার, পাশাপাশি সমুদ্রে আন্তর্জাতিক চুক্তি এবং ব্যবস্থা সহ অস্ট্রেলিয়ার সামুদ্রিক সম্পর্কিত আইন বাস্তবায়নে সহায়তা করে।

### *Immigration (Education) Act 1971 (অভিবাসন (শিক্ষা) আইন ১৯৭১)* (অভিবাসন (শিক্ষা) আইন)

আমরা, এবং বিভাগের পক্ষ থেকে AMEP সরবরাহকারীরা অভিবাসন (শিক্ষা) আইনের অধীনে কোনও ব্যক্তি AMEP যোগ্যতার প্রয়োজনীয়তা সন্তুষ্টভাবে পূরণ করে কি না  সেই ব্যাপারে বিভিন্ন ব্যক্তিগত তথ্য সংগ্রহের জন্য অনুমোদিত।

## গোপনীয়তা আইনের অধীনে আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ

গোপনীয়তা আইন স্বীকার করে যে অস্ট্রেলিয়ান আইনের অধীনে বিভাগ দ্বারা ব্যক্তিগত তথ্য (সংবেদনশীল তথ্য সহ) সংগ্রহ করা যেতে পারে - যার উদাহরণ উপরে রয়েছে।

গোপনীয়তা আইনে আরও বলা হয়েছে যে সংবেদনশীল তথ্য ব্যতীত অন্যান্য ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা যেতে পারে যদি তথ্যটি বিভাগের এক বা একাধিক কার্যাবলী বা ক্রিয়াকলাপের জন্য যুক্তিসঙ্গতভাবে প্রয়োজনীয় হয় বা সরাসরি সম্পর্কিত হয়।

সংবেদনশীল তথ্য সংগ্রহের ক্ষেত্রে, গোপনীয়তা আইন নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে সংবেদনশীল তথ্য সংগ্রহের জন্য বিভাগকে অনুমতি দেয়, যার মধ্যে রয়েছে:

- আপনি যদি সম্মতি দেন এবং তথ্যটি বিভাগের এক বা একাধিক কার্যাবলী বা ক্রিয়াকলাপের জন্য যুক্তিসঙ্গতভাবে প্রয়োজনীয় বা সরাসরি সম্পর্কিত হয়, অথবা
- সংগ্রহটি আমাদের এক বা একাধিক বলবৎকরণ সম্পর্কিত ক্রিয়াকলাপের জন্য যুক্তিসঙ্গতভাবে প্রয়োজনীয় বা সরাসরি সম্পর্কিত।

## যে উদ্দেশ্যে আমরা আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি

আমাদের কার্যাবলী এবং ক্রিয়াকলাপগুলো খুব বিস্তীর্ণ, যা 'বিভাগ - আমরা কে/ আমরা কী করি' শিরোনামের অধীনে তালিকাভুক্ত কার্যাবলীকে অন্তর্ভুক্ত করে, যা উপরে এবং আরও তথ্য বিভাগের ওয়েবসাইটের **'আমাদের সম্পর্কে'** অপশনের মাধ্যমে পাওয়া যায় (**homeaffairs.gov.au**)।

আমরা যে সমস্ত নির্দিষ্ট উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি তা তালিকাভুক্ত করা অবাস্তব হবে, তবে এর মধ্যে নিম্নলিখিত উদ্দেশ্যগুলো অন্তর্ভুক্ত রয়েছে:

- ভিসা সম্মতি সহ অভিবাসন
- শুল্ক, আবগারি এবং কর
- শরণার্থী ও মানবিক সহায়তা
- বসতি গড়ে তোলার সেবা
- প্রাপ্তবয়স্ক অভিবাসী ইংরেজি শিক্ষার প্রকল্প
- সীমান্ত ব্যবস্থাপনা
- অভিবাসন অবস্থা বা আটক
- নাগরিকত্ব
- আইনের প্রয়োগ
- জাতীয় নিরাপত্তা
- পরিবহন নিরাপত্তা, যার মধ্যে বিমানবন্দর ও সামুদ্রিক নিরাপত্তা এবং প্রবেশাধিকার ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত রয়েছে
- কমনওয়েলথ জরুরি ব্যবস্থাপনা
- বিভাগীয় কর্মীদের নিয়োগ


© COMMONWEALTH OF AUSTRALIA, 2026

অনুমোদিত আইনের মাধ্যমে প্রাথমিক উদ্দেশ্য বাস্তবায়নের জন্য আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করা হবে অথবা গোপনীয়তা আইন দ্বারা অনুমোদিত দ্বিতীয় কোন উদ্দেশ্যে।

### কৃত্রিম বুদ্ধিমত্তা

যেহেতু বিভাগটি পরিচালনগত কাজ, ঝুঁকি ব্যবস্থাপনা এবং প্রশাসনিক কার্যক্রমকে সহায়তা করার জন্য জেনারেটিভ এআই, উন্নত বিশ্লেষণ, স্বয়ংক্রিয়করণ এবং স্বয়ংক্রিয় সিদ্ধান্ত গ্রহণ (ADM), সহ এআই ব্যবহার করে, তাই আপনার ব্যক্তিগত তথ্য এআই প্রযুক্তি ব্যবহার করে প্রক্রিয়াকরণ করা হতে পারে। এই কার্যক্রমগুলোর মধ্যে এই গোপনীয়তা বিজ্ঞপ্তিতে বর্ণিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে পারে।

বিভাগটি শুধুমাত্র সেইসব অনুমোদিত এআই পণ্য ব্যবহার করবে যেগুলো আমাদের সুরক্ষিত পরিবেশের জন্য উপযুক্ত বলে মূল্যায়ন করা হয়েছে।

বিভাগীয় কার্যক্রমের ক্ষেত্রে অনুমোদিত ব্যবহারের উদ্দেশ্যে এন্টারপ্রাইজ জেনারেটিভ এআই উৎপাদনশীলতা সরঞ্জাম ব্যবহার করা যেতে পারে, যেমন:

- আপনার দেওয়া তথ্যের সারসংক্ষেপ করা
- তৃতীয় পক্ষ থেকে সংগৃহীত তথ্যের সারসংক্ষেপ করা
- প্রতিবেদন প্রস্তুত করা
- গবেষণা ও বিশ্লেষণ করা
- চিঠিপত্র প্রস্তুত করা
- কর্মক্ষেত্রের উৎপাদনশীলতা বৃদ্ধি করা

যেখানে এআই (AI) ব্যবহার করা হয়, সেখানে বিভাগীয় কর্মীরা এআই-এর আউটপুট পর্যালোচনা করে নিশ্চিত করবেন যে, সিদ্ধান্ত গ্রহণ সহ যেকোনো ক্ষেত্রে এটি ব্যবহার বা প্রকাশ করার আগে তা সঠিক, হালনাগাদ, সম্পূর্ণ এবং প্রাসঙ্গিক।

এআই-এর মাধ্যমে আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের সময়, বিভাগটি শুধুমাত্র গোপনীয়তা আইন (Privacy Act) অনুসারে অথবা আইন দ্বারা অন্যথায় অনুমোদিত হলেই তা করবে।

বিভাগটি কীভাবে এআই প্রযুক্তি ব্যবহার করছে সে সম্পর্কে আরও তথ্যের জন্য, আমাদের এআই স্বচ্ছতা বিবৃতি (AI Transparency Statement) দেখুন।
**https://www.homeaffairs.gov.au/access-and-accountability/our-commitments/plans-and-charters/our-service-charters/ai-transparency-statement**

আমাদের এআই-এর ব্যবহার এবং আপনার ব্যক্তিগত তথ্যের পরিচালনা সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের গোপনীয়তা নীতি দেখুন
**https://www.homeaffairs.gov.au/access-and-accountability/our-commitments/privacy**

### আপনার ব্যক্তিগত তথ্য বিভাগ দ্বারা সংগ্রহ করা না হলে কি পরিণতি হতে পারে

যদি আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা না হয় তবে আমরা আপনার আবেদন (যেমন আপনার ভিসা আবেদন) প্রক্রিয়া করতে সক্ষম নাও হতে পারি, আমাদের পরিষেবাগুলোর জন্য আপনার যোগ্যতা নির্ধারণ করতে বা আমাদের বিধিবদ্ধ বাধ্যবাধকতা, সেবার বাধ্যবাধকতা বা অস্ট্রেলিয়ার আন্তর্জাতিক প্রতিশ্রুতিগুলো পূরণ করতে সক্ষম নাও হতে পারি। এর ফলে আপনাকে অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে দেয়া না হতে পারে, আবেদনগুলো প্রত্যাখ্যান করা হতে পারে বা পরিষেবাগুলোর জন্য আপনি অযোগ্য হতে পারে (অন্যান্য জিনিসের মধ্যে)।

## ব্যক্তিগত তথ্য প্রকাশ

আমাদের কার্যাবলী এবং ক্রিয়াকলাপের উদ্দেশ্যে আমরা যে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি তা গোপনীয়তা আইনের অধীনে বিভিন্ন পরিস্থিতিতে তৃতীয় পক্ষ এবং অন্যান্য সরকারী সংস্থার কাছে প্রকাশ করা যেতে পারে। সর্বাধিক প্রচলিত প্রকারগুলো নীচে তালিকাভুক্ত করা হয়েছে।

### মনোনীত প্রতিনিধিদের কাছে প্রকাশ

আপনি এমন একজন ব্যক্তিকে মনোনীত করতে পারেন যার কাছে আমরা আপনার ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে পারি, যেমন পরিবারের সদস্য, মাইগ্রেশন এজেন্ট, কাস্টমস ব্রোকার, স্পনসর বা আপনার প্রতিনিধিত্বকারী আইনজীবী।

### অনুমোদিত প্রকাশ

আমরা, কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে, অস্ট্রেলিয়ান আইন অনুসারে অন্যান্য অস্ট্রেলিয়ান সরকারি সংস্থাগুলো এবং রাজ্য এবং টেরিটোরি সংস্থাগুলো সহ ব্যক্তিগত তথ্য প্রকাশের জন্য ক্ষমতাপ্রাপ্ত বা অনুমোদিত।

বিভাগের পোর্টফোলিও আইনের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রকাশের বিধানগুলো হল মাইগ্রেশন আইনের অংশ 4A, নাগরিকত্ব আইনের ধারা ৪৩ এবং *Australian Border Force Act 2015*-এর অংশ ৬।

উদাহরণগুলোর মধ্যে রয়েছে আমাদের বা অন্য কোনও সংস্থাকে আপনার পরিচয় স্থাপনে সহায়তা করার জন্য তথ্য প্রকাশ করা, আমাদের বা অন্য কোনও সংস্থাকে দেওয়া আপনার নথিগুলোর বৈধতা পরীক্ষা করা, বা ডেটা ম্যাচিং পরিচালনা করা বা অন্যথায় এজেন্সিকে তার নিজস্ব সম্মতি বা অন্যান্য বিধিবদ্ধ কাজ সম্পাদন করতে সহায়তা করা।

### অন্যান্য সরকারী সংস্থার কাছে প্রকাশ

বিভাগ যে সকল সরকারী সংস্থাগুলোর কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে পারে সেগুলো এখানে দেয়া হল, তবে তালিকা শুধু এর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- সার্ভিসেস অস্ট্রেলিয়ার কাছে, *Social Security Act 1991 (সামাজিক নিরাপত্তা আইন ১৯৯১), Child Support (Assessment) Act 1989 (শিশু সহায়তা (মূল্যায়ন) আইন ১৯৮৯)* এবং *Child Support (Registration and Collection) Act 1988 (শিশু সহায়তা (নিবন্ধন ও সংগ্রহ) আইন ১৯৮৮), Health Insurance Act 1973 (স্বাস্থ্য বীমা আইন ১৯৭৩)* এবং *Taxation Administration Act 1953 (কর প্রশাসন আইন ১৯৫৩)* এর মতো আইন প্রণয়নের উদ্দেশ্যে।
- সমাজসেবা অধিদপ্তর
- অস্ট্রেলিয়ার জৈব নিরাপত্তা ব্যবস্থা পরিচালনার জন্য এবং *Biosecurity Act 2015, Export Control Act 2020, Imported Food Control Act 1992 (জৈব নিরাপত্তা আইন ২০১৫, রপ্তানি নিয়ন্ত্রণ আইন ২০২০, আমদানিকৃত খাদ্য নিয়ন্ত্রণ আইন ১৯৯২)* এবং *Illegal Logging Prohibition Act 2012 (অবৈধ কাঠ কাটা নিষিদ্ধকরণ আইন ২০১২)* এর মতো আইন প্রণয়নের উদ্দেশ্যে কৃষি, মৎস্য ও বন বিভাগরে কাছে।
- থেরাপিউটিক পণ্য প্রশাসন, *Therapeutic Goods Act 1989 (থেরাপিউটিক পণ্য আইন ১৯৮৯)* এর উদ্দেশ্যে
- স্পোর্ট ইন্টিগ্রিটি অস্ট্রেলিয়া, জাতীয় অ্যান্টি-ডোপিং স্কিমের উদ্দেশ্যে
- শিক্ষা বিভাগ, *Education Services for Overseas Students Act 2000 (বিদেশী শিক্ষার্থীদের জন্য শিক্ষা পরিষেবা আইন ২০০০)* এর মতো আইনের উদ্দেশ্যে
- কর্মসংস্থান এবং কর্মক্ষেত্র সম্পর্ক বিভাগ, *Work Health and Safety Act 2011 (কর্ম স্বাস্থ্য এবং সুরক্ষা আইন ২০১১)* যেমন আইনের উদ্দেশ্যে, কর্মসংস্থান পরিষেবা সম্পর্কে তথ্যের সাথে মিল এবং অস্ট্রেলিয়ান শ্রম বাজারে প্রস্তাবিত কর্মক্ষেত্রের উপাদানের কোনও প্রভাব নির্ধারণ; এবং প্রকল্প উন্নয়ন এবং অস্ট্রেলিয়ান দক্ষতা গ্যারান্টি উদ্যোগ এবং ক্রয় সম্পর্কিত নীতি সম্পর্কিত উদ্দেশ্যে
- ভেটেরান্স অ্যাফেয়ার্স বিভাগ, *Veterans' Entitlements Act 1986 (ভেটেরান্স এনটাইটেলমেন্টস অ্যাক্ট ১৯৮৬)* এর মতো আইন প্রণয়নের উদ্দেশ্যে
- অস্ট্রেলিয়ান ট্যাক্সেশন অফিস, *Income Tax Assessment Act 1997 (আয়কর মূল্যায়ন আইন ১৯৯৭)* এবং অন্যান্য কর আইন প্রণয়নের উদ্দেশ্যে
- বিদেশ বিষয়ক ও বাণিজ্য বিভাগ, *Australian Passports Act 2005 (অস্ট্রেলিয়ান পাসপোর্ট আইন ২০০৫)* এর মতো আইন প্রণয়নের উদ্দেশ্যে এবং প্রটেকশন ভিসা প্রক্রিয়াকরণের জন্য দেশের তথ্য সংগ্রহের জন্য, এবং দ্বৈত নাগরিক হিসেবে আপনার যোগ্য হতে পারে এমন যেকোনো বিদেশী পাসপোর্টের জন্য
- প্রতিরক্ষা বিভাগ, প্রতিরক্ষা খাতের শিক্ষার্থী ভিসা প্রোগ্রাম পরিচালনার জন্য এবং *Defence Trade Controls Act 2012 (প্রতিরক্ষা বাণিজ্য নিয়ন্ত্রণ আইন ২০১২)* এর উদ্দেশ্যে
- অ্যাটর্নি-জেনারেলের বিভাগ, *Criminal Code Act 199 (ফৌজদারি কোড আইন ১৯৯৫)* এর মতো আইন প্রণয়নের উদ্দেশ্যে

© COMMONWEALTH OF AUSTRALIA, 2026

- জলবায়ু পরিবর্তন, জ্বালানি, পরিবেশ ও পানি বিভাগ, *Environment Protection and Biodiversity Conservation Act 1999, Ozone Protection and Synthetic Greenhouse Gas Management Act 1989, Hazardous Waste (Regulation of Exports and Imports) Act 1989 (পরিবেশ সুরক্ষা ও জীববৈচিত্র্য সংরক্ষণ আইন ১৯৯৯, ওজোন সুরক্ষা ও সিন্থেটিক গ্রিনহাউস গ্যাস ব্যবস্থাপনা আইন ১৯৮৯, বিপজ্জনক বর্জ্য (রপ্তানি ও আমদানি নিয়ন্ত্রণ) আইন ১৯৮৯), Recycling and Waste Reduction Act 2020 and the Product Emissions Standards Act 2017 (পুনর্ব্যবহার ও বর্জ্য হ্রাস আইন ২০২০ এবং পণ্য নির্গমন মান আইন ২০১৭)* এর মতো আইন প্রণয়নের উদ্দেশ্যে
- *Road Vehicle Standards Act 2018 (সড়ক যানবাহন মান আইন ২০১৮)* এর মতো আইন প্রণয়নের উদ্দেশ্যে অবকাঠামো, পরিবহন, আঞ্চলিক উন্নয়ন, যোগাযোগ, খেলাধুলা ও শিল্প বিভাগ
- *Commonwealth Electoral Act 1918 (কমনওয়েলথ নির্বাচন আইন ১৯১৮)* এর উদ্দেশ্যে অস্ট্রেলিয়ান নির্বাচন কমিশন
- ব্যক্তি পর্যায়ের জন্য অস্ট্রেলিয়ান পরিসংখ্যান ব্যুরো, অস্ট্রেলিয়ায় আগমন এবং প্রস্থানের আন্তর্জাতিক ভ্রমণের উপর সমন্বিত ডেটা সম্পদ এবং পরিসংখ্যান
- শিল্প ছাড় প্রকল্পের উদ্দেশ্যে শিল্প, বিজ্ঞান এবং সম্পদ বিভাগ
- *Agricultural and Veterinary Chemicals (Administration) Act 1992 (কৃষি ও পশুচিকিৎসা রাসায়নিক (প্রশাসন) আইন ১৯৯২)* এর উদ্দেশ্যে অস্ট্রেলিয়ান কীটনাশক ও পশুচিকিৎসা কর্তৃপক্ষ
- অস্ট্রেলিয়ান ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট কমিশন (অস্ট্রেড), *Australian Trade and Investment Commission Act 1985 (অস্ট্রেলিয়ান ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট কমিশন আইন ১৯৮৫)*-এর মতো আইনের উদ্দেশ্যে এবং আন্তর্জাতিক বাণিজ্য ও সরবরাহ শৃঙ্খল সম্পর্কিত উদ্দেশ্যে

### প্রয়োগ সম্পর্কিত ক্রিয়াকলাপের জন্য প্রকাশ

আমরা অস্ট্রেলিয়ান (অস্ট্রেলিয়ান সরকার, রাজ্য এবং টেরিটোরি) এবং বিদেশী প্রয়োগকারী সংস্থা বা সংস্থাগুলোর কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ করি যেখানে ফৌজদারি অপরাধের প্রতিরোধ, সনাক্তকরণ, তদন্ত এবং প্রসিকিউশন বা শাস্তি সহ অভ্যন্তরীণ প্রয়োগকারী সংস্থার দ্বারা বা তার পক্ষে পরিচালিত প্রয়োগ সম্পর্কিত ক্রিয়াকলাপের জন্য যুক্তিসঙ্গতভাবে প্রয়োজনীয়। প্রয়োগ সম্পর্কিত ক্রিয়াকলাপগুলোর মধ্যে কোনও আদালত বা ট্রাইব্যুনালের সামনে (করোনার কার্যক্রম সহ) কার্যক্রমের প্রস্তুতি বা পরিচালনায় সহায়তা করাও অন্তর্ভুক্ত।

### আইনগত কর্তৃপক্ষ এবং অফিসধারীদের কাছে প্রকাশ

আমরা সংস্থাগুলোর কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ করি যেমন:

- কমনওয়েলথ ওম্বাডসম্যান
- অস্ট্রেলিয়ান তথ্য কমিশনারের কার্যালয়
- অস্ট্রেলিয়ান ন্যাশনাল অডিট অফিস
- অস্ট্রেলিয়ান মানবাধিকার কমিশন
- ফেয়ার ওয়ার্ক ওম্বাডসম্যান
- অস্ট্রেলিয়ান শিল্প রাসায়নিক পরিচিতি প্রকল্প

### স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত তথ্যের প্রকাশ

আপনার ব্যক্তিগত তথ্য ভিসা বিবেচনা এবং জনস্বাস্থ্যের ঝুঁকি পরিচালনার ক্ষেত্রে সরকারী স্বাস্থ্য সংস্থা এবং চিকিৎসা সরবরাহকারীদের কাছে সরবরাহ করা যেতে পারে।

আপনার ব্যক্তিগত তথ্য অস্ট্রেলিয়ান আইন প্রয়োগকারী সংস্থা বা জরুরী পরিষেবাগুলোর কাছেও প্রকাশ করা যেতে পারে যদি প্রকাশটি কোনও ব্যক্তির জীবন, স্বাস্থ্য বা সুরক্ষা, বা জনস্বাস্থ্য বা সুরক্ষার জন্য একটি উল্লেখযোগ্য হুমকি হ্রাস বা প্রতিরোধের জন্য প্রয়োজন হয়।

### অন্যান্য প্রকাশ

সাধারণত, বিভাগ গোপনীয়তা আইন অনুসারে বিভিন্ন সংস্থার কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ করতে পারি, যার মধ্যে রয়েছে:

- অস্ট্রেলিয়ায় প্রশিক্ষণ বা অধ্যয়নের সাথে সম্পর্কিত শিক্ষা এবং কর্মসংস্থান সংস্থা এবং সংস্থাগুলো
- অভিবাসন স্থিতি, কাজের অধিকার এবং আপনার ভিসা
- চুক্তিবদ্ধ পরিষেবা প্রদানকারী, যার মধ্যে রয়েছে মানবিক পুনর্বাসন কর্মসূচি, অস্ট্রেলিয়ান সাংস্কৃতিক ওরিয়েন্টেশন কর্মসূচি এবং সহায়তাপ্রাপ্ত উত্তরণ কর্মসূচির আওতায়
- জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার
- অস্ট্রেলিয়ান এবং আন্তর্জাতিক রেড ক্রস সোসাইটি
- স্থানান্তর সহজতর করতে এবং অভিবাসন অবস্থা নিশ্চিত করার জন্য রাজ্য এবং টেরিটোরির সংশোধনমূলক স্থানসমূহ
- রাজ্য ও টেরিটোরি শিশু কল্যাণ এজেন্সি এবং সংস্থা
- অন্যান্য দূতাবাস, হাই কমিশন এবং কনস্যুলেট
- নীতি এবং/অথবা প্রকল্প উন্নয়ন এবং/অথবা উন্নতির জন্য গবেষণা, তদন্ত এবং বিশ্লেষণের উদ্দেশ্যে সংস্থা এবং চুক্তিবদ্ধ তৃতীয় পক্ষ এবং গবেষণা সংস্থা
- অস্ট্রেলিয়ান সরকারী এজেন্সি, সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থাগুলো গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক অনুষ্ঠানগুলোতে যেমন বড় ধরণের ক্রীড়া ম্যাচগুলো এবং আন্তর্জাতিক রাষ্ট্রপ্রধানদের সভায় সমন্বয়ের ভূমিকা রাখে
- ফেডারেল, প্রাদেশিক ও টেরিটরি পার্লামেন্টের সদস্যবৃন্দ, স্থানীয় সরকার কাউন্সিল, সংস্থা এবং নাগরিকত্ব, সংশ্লিষ্ট পুরস্কার ও অনুষ্ঠান এবং নতুন নাগরিকদের আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানোর সঙ্গে জড়িত সংস্থা ও সরকারি কর্মকর্তারা
- অস্ট্রেলিয়ায় অবৈধ পণ্য আমদানি প্রতিরোধ বা তা মোকাবিলার উদ্দেশ্যে সংশ্লিষ্ট শিল্পখাতের সদস্যরা
- জাতীয় জরুরি ব্যবস্থাপনা সংস্থা।

### সর্বসাধারণের জন্য উন্মুক্ত রেজিস্টারে তথ্য প্রকাশ

বিভাগটি জনসাধারণের তথ্যের জন্য বেশ কয়েকটি রেজিস্টার রক্ষণাবেক্ষণ করে, যেগুলিতে ব্যক্তিগত তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে। এর মধ্যে অন্তর্ভুক্ত, তবে এতেই সীমাবদ্ধ নয়:

- অনুমোদিত পৃষ্ঠপোষকদের পাবলিক রেজিস্টার
- নিষিদ্ধ নিয়োগকর্তাদের রেজিস্টার
- অভিবাসন এজেন্টদের রেজিস্টার
- শ্রম চুক্তি রেজিস্টার
- উপহার ও সুবিধা রেজিস্টার
- তথ্য অধিকার আইন প্রকাশ লগ

### বিদেশী প্রাপকদের কাছে প্রকাশ

এর কার্যাবলী এবং কার্যকলাপের প্রকৃতির কারণে, বিভাগ বিদেশী প্রাপকদের কাছে ব্যক্তিগত তথ্যও প্রকাশ করতে পারে।

বেশিরভাগ ক্ষেত্রে, এটি আপনার মূল দেশে বা স্বাভাবিক বাসস্থানের কর্মকর্তাদের কাছে প্রকাশ করা হবে (যদি না আপনি সেই দেশগুলোর বিরুদ্ধে প্রতিরক্ষার জন্য দাবি করেন এবং সেই দাবিগুলো চূড়ান্ত হওয়ার জন্য মূল্যায়নের অপেক্ষায় থাকেন)। এছাড়াও বিভাগ অস্ট্রেলিয়ার সাথে চুক্তি রয়েছে এমন দেশ বা সংস্থার কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ করে। এর মধ্যে রয়েছে তবে শুধুমাত্র এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয় যুক্তরাজ্য, নিউজিল্যান্ড, কানাডা এবং মার্কিন যুক্তরাষ্ট্র, পাশাপাশি ‘ডিসক্লোজার - অন্যান্য’ এর অধীনে উপরে তালিকাভুক্ত আন্তর্জাতিক সংস্থাগুলোর কাছে।

| | |
|---|---|
| *হোম পেজ* | **www.homeaffairs.gov.au** |
| *সাধারণ অনুসন্ধান লাইন* | আপনি আমাদের Global Service Centre (GSC) (গ্লোবাল সার্ভিস সেন্টার (GSC))-এ আপনার স্থানীয় সময় সোমবার থেকে শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত যোগাযোগ করতে পারেন। অস্ট্রেলিয়ার জাতীয় সরকারি ছুটির দিনে আমাদের GSC বন্ধ থাকে।<br>**অস্ট্রেলিয়ায় ফোন নম্বর** 131 881<br>**অস্ট্রেলিয়ার বাইরের জন্য ফোন নম্বর** +61 2 6196 0196 |


© COMMONWEALTH OF AUSTRALIA, 2026